

৯। রেজিমেন্টাল কালার প্রাপ্তি যে কোন ইউনিটের জন্য একটি বিরল সম্মান এবং পবিত্র আমানত। আজ সেই রেজিমেন্টাল কালার এই ৫টি ইউনিটের হাতে তুলে দেয়া হলো। এই বিরল সম্মান ও গৌরব অর্জন করায় আমি এই ইউনিটসমূহকে জানাই আমার আন্তরিক অভিনন্দন। কর্মদক্ষতা, কঠোর পরিশ্রম এবং কর্তব্যনিষ্ঠার স্বীকৃতি হিসেবে যে পতাকা আজ আপনারা অর্জন করলেন, আমি আশা করি তার মর্যাদা রক্ষার জন্য যে কোন ত্যাগ স্বীকারে আপনারা সবসময় সচেষ্ট থাকবেন।

১০। বাংলাদেশ সেনাবাহিনীর আধুনিকায়ন। উপস্থিত সুধীমন্ডলী, একটি আধুনিক, যুগোপযোগী ও শক্তিশালী সেনাবাহিনী গঠনের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। সেই লক্ষ্যকে সামনে রেখেই “ফোর্সেস গোল-২০৩০” প্রণয়ন ও বাস্তবায়নের অংশ হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে সেনাবাহিনীর সাংগঠনিক কাঠামো বিন্যাস ও পরিবর্তনের পাশাপাশি আধুনিকায়নের প্রক্রিয়া চলমান রয়েছে।